নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর
ও
সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়।
www.sreebordi.sherpur.gov.bd

স্মারক নং ০৫.৪৫.৮৯৯০.০০০.১০৪.৯৯.০০০২.২৫-১১৬৮

তারিখঃ ১৩ পৌষ ১৪৩২
২৮ ডিসেম্বর ২০২৫

**বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মকর্তা/কর্মচারী কোন প্রার্থীর পক্ষে নির্বাচনী প্রচারণায় অংশগ্রহণ না করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ উপলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী নির্বাচনী প্রচারণায় অংশগ্রহণ না করার জন্য নির্দেশনা রয়েছে। নির্বাচনী প্রচারণায় কোন প্রার্থীর পক্ষে কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করলে তা জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা লঙ্ঘন হবে। প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত থেকে কোন প্রার্থীর পক্ষে নির্বাচনী জনসংযোগ/প্রচার-প্রচারণায় জড়িতা থাকলে তা চাকুরী বিধির পরিপন্থি হিসেবে গণ্য হবে। তৎপ্রেক্ষিতে কোন প্রার্থীর পক্ষে যে সকল শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী নির্বাচনী প্রচারণা করবেন, তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাচন কমিশনকে অবহিত করা হবে।

অতএব, আপনার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারী যেন নির্বাচনী প্রচারণায় অংশগ্রহণ না করে সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২৮/১২/২৫

মনীষা আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর
ও
সহকারী রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
নির্বাচনি এলাকার নম্বর ও নামঃ ১৪৫, শেরপুর-৩।
মোবাঃ ০১৭৮২-৮৯২৬৫৫
Email: unosreebardi@mopa.gov.bd

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীবরদী, শেরপুর
২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শ্রীবরদী, শেরপুর

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে :
১। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
৩। জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন, শেরপুর
৪। পুলিশ সুপার, শেরপুর
৫। জেলা শিক্ষা অফিসার, শেরপুর
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শেরপুর
৭। উপজেলা নির্বাচন অফিসার, শ্রীবরদী, শেরপুর
৮। অফিস কপি।